যায়যায়দিন

তারিখ ..28 JUL 2013...
পৃষ্ঠা ..1..... কলাম..... 6.....

# হাইকোর্টের নির্দেশের পরও সচল হয়নি জাবি

জাবি প্রতিনিধি

হাইকোর্টের নির্দেশনা থাকলেও, সচল হয়নি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) প্রশাসনিক কার্যক্রম।

শনিবার সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত প্রশাসনিক ভবন অবরোধ করে আন্দোলন অব্যাহত রেখেছেন শিক্ষক সমিতি।

গত ২৫ জুলাই বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম সচল রাখতে নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট। কিন্তু এরপরও শনিবার টানা ৩৬তম দিনের মতো প্রশাসনিক ভবন অবরোধ রয়েছে।

কয়েকজন কর্মকর্তা-কর্মচারীকে প্রশাসনিক ভবনের সামনে অবসর সময় কাটাতে দেখা গেছে। এ বিষয়ে শিক্ষক সমিতির সভাপতি অজিত কুমার মজুমদার বলেন, আদালতের প্রতি শিক্ষক সমিতি শ্রদ্ধাশীল। আদালতের রায়ের কপি হাতে না পাওয়া পর্যন্ত অবরোধ কর্মসূচি অব্যাহত থাকবে।

তবে বিএনপিপন্থী শিক্ষক দর্শন বিভাগের অধ্যাপক কামরুল আহসান বলেন, আদালত যে নির্দেশ দিয়েছেন তার মানে হচ্ছে উপাচার্য পদত্যাগ করে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন করবেন অথবা পুলিশ দিয়ে তাদের মেরে তাড়াতে হবে। উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেন বলেন, 'আমার হাতে আদালতের দেয়া নির্দেশনাটি নেই। নির্দেশনা জাবি : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## জাবি : হাইকোর্টের

(শেষ পৃষ্ঠার পর)

পাওয়া মাত্রই প্রশাসন সচল করার ব্যবস্থা গ্রহণ করব। আগামী রোববার হাইকোর্টের নির্দেশটি হাতে পৌঁছবে বলে আশা করছি। এরপরই বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা হবে।'

উল্লেখ্য, শিক্ষক লাঞ্ছনার বিচার না করা, ভর্তি পরীক্ষায় অনিয়ম, অযোগ্য শিক্ষক নিয়োগ, বিশ্ববিদ্যালয়ের ভূ-দৃশ্য নষ্টসহ ১২টি অভিযোগ এনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনকে ১৯ জুন ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করে এবং তার পদত্যাগের দাবিতে পরদিন থেকে প্রশাসনিক ভবন অবরোধ করে রাখে।

এর মধ্যে গত বুধবার চার শিক্ষক ও এক শিক্ষার্থীর রিট আবেদনের ভিত্তিতে হাইকোর্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, প্রক্টর ও রেজিস্ট্রারকে প্রশাসনিক অচলাবস্থা নিরসনের নির্দেশ দিয়ে রুল জারি করেন।